

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শরণার্থী ত্রাণ ও প্রত্যাশাসন কমিশনারের কার্যালয়  
কক্সবাজার  
www.rrrc.gov.bd

স্মারক নং- RRRC/RHU/COVID-19/Report/28/2020/ 2478

তারিখঃ ১০ আগস্ট ২০২১

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ।  
সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৭৬, তারিখঃ ০৮ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে 'বলপূর্বক বাস্তবায়িত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পে সকল সরকারি সংস্থা/জাতিসংঘের অঙ্গসংস্থা/বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম, চলাচল ও সেবাসমূহের ক্ষেত্রে নিম্নোক্ত বিধিনিষেধ আরোপ করা হলো।


১। সকল লার্নিং সেন্টার, যে বিষয় সংশ্লিষ্টই হোক না কেন সকল প্রশিক্ষণ কেন্দ্র, কর্মশালা, সচেতনতামূলক সভা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।

২। মনোসামাজিক স্বাস্থ্যসেবা, Gender Based Violence নিরোধমূলক কার্যক্রম, সামাজিক সচেতনতামূলক কার্যক্রম, Child Friendly Space, Women Friendly Space সহ সামাজিক সুরক্ষামূলক কার্যক্রম বন্ধ থাকবে।

৩। সকল ধরনের দোকান, কমিউনিটি সেন্টার, সর্বপ্রকার জনসমাগম বন্ধ থাকবে।

৪। অন্যান্য সকল ক্ষেত্রে মোট জনবলের অর্ধেক জনবল নিয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। ক্যাম্প এলাকায় যথাসম্ভব কম জনবল এবং সীমিত সংখ্যক যানবাহন দ্বারা শুধুমাত্র নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে।

৫। সকল সরকারি সংস্থা/জাতিসংঘের অঙ্গসংস্থা/বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সরকার কর্তৃক আরোপিত নির্দেশনা প্রতিপালন করবে। বর্ণিত নির্দেশনার বহির্ভূত ক্ষেত্রে জরুরি পরিস্থিতির উদ্ভব হলে, প্রয়োজনীয় নির্দেশনার জন্য অত্র কার্যালয়ের সাথে যোগাযোগের অনুরোধ করা হলো।



মোহাম্মদ সামছু-দৌজা  
(উপসচিব)

অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাশাসন কমিশনার  
কক্সবাজার

০৩৪১-৬৩৬৮০

[addrrrrc1@rrrc.gov.bd](mailto:addrrrrc1@rrrc.gov.bd)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। Principal Coordinator, ISCG, Cox's Bazar.
- ২। Head of Operations, Sub-office, UNHCR, Cox's bazar.
- ৩। Deputy Chief of Mission, IOM, Cox's bazar.
- ৪। Emergency coordinator, WFP, Cox's Bazar.
- ৫। Chief of field Office, UNICEF, Cox's Bazar.
- ৬। Head of Sub-Office, WHO, Cox's Bazar.
- ৭। Head of Field Office, UNFPA, Cox's Bazar.
- ৮। Head of Sub-Office, FAO, Cox's Bazar.
- ৯। Head of Sub-Office, UN women, Cox's Bazar.
- ১০। Head of operation, BDRCS, Cox's Bazar.
- ১১। Coordinator, AFAD/TIKA/Turkiye Diyanet Foundation
- ১২। এনজিও/আইএনজিও (সকল)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা]
- ২। জিওসি, ১০ পদাতিক ডিভিশন, রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার।  
[দৃষ্টি আকর্ষণঃ জিওসি মহোদয়ের স্টাফ অফিসার, ১০ পদাতিক ডিভিশন, রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার]
- ৩। রিজিয়ন কমান্ডার, বিজিবি রিজিয়ন, সদর দপ্তর, কক্সবাজার।
- ৪। কর্ণেল, জিএস, ডিজিএফআই, কক্সবাজার।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। পুলিশ সুপার, কক্সবাজার।
- ৭। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৮। অধিনায়ক, ৮/১৪/১৬ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, কক্সবাজার। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। অধিনায়ক, র‍্যাব ১৫, কক্সবাজার।
- ১০। অতিরিক্ত পরিচালক, এনএসআই, কক্সবাজার।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া/টেকনাফ, কক্সবাজার।
- ১২। ক্যাম্প ইন চার্জ/ সহকারী ক্যাম্প ইন চার্জ (সকল)।
- ১৩। যুগ্ম পরিচালক, এনএসআই, কক্সবাজার।
- ১৪। অধিনায়ক, ১৫/১৬/৩৯ আনসার ব্যাটালিয়ন।
- ১৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কক্সবাজার।
- ১৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার।
- ১৭। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কক্সবাজার।



মোহাম্মদ সামছু-দৌজা  
(উপসচিব)

অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার  
কক্সবাজার

০৩৪১-৬৩৬৮০

addlrrrc1@rrrc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৭৬

২৪ শ্রাবণ ১৪২৮  
তারিখ: -----  
০৮ আগস্ট ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮

তারিখ: ১৩.০৭.২০২১


গত ০৩ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত কোভিড-১৯ সংক্রমণের পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের আর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় সূত্রস্থ স্মারকে বর্ণিত বিধি-নিষেধের অনুবৃত্তিক্রমে আগামী ১১ আগস্ট ২০২১ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হলো:

- ১.১ সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি অফিস, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খোলা থাকবে;
- ১.২ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- ১.৩ সড়ক, রেল ও নৌ-পথে আসন সংখ্যার সমপরিমাণ যাত্রী নিয়ে গণপরিবহন/যানবাহন চলাচল করতে পারবে। সড়ক পথে গণপরিবহন চলাচলের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন (সিটি কর্পোরেশন এলাকায় বিভাগীয় কমিশনার ও জেলা পর্যায়ে জেলা প্রশাসক) নিজ নিজ অধিক্ষেত্রের আইনশৃঙ্খলা বাহিনী, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, মালিক ও শ্রমিক সংগঠনের সঙ্গে আলোচনা করে প্রতিদিন মোট পরিবহন সংখ্যার অর্ধেক চালু করতে পারবে;
- ১.৪ শপিংমল/মার্কেট/দোকানপাটসমূহ সকাল ১০.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খোলা রাখা যাবে;
- ১.৫ সকল প্রকার শিল্প-কলকারখানা চালু থাকবে;
- ১.৬ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁয় অর্ধেক আসন খালি রেখে সকাল ০৮.০০টা থেকে রাত ১০.০০টা পর্যন্ত খোলা রাখা যাবে;
- ১.৭ সকল ক্ষেত্রে মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং



১.৮ গণপরিবহন, বিভিন্ন দপ্তর, মার্কেট ও বাজারসহ যেকোনো প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি প্রতিপালনে অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়িত্ব বহন করবে এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৫.০৫.২০২০  
(মোঃ রেজাউল ইসলাম)

উপসচিব

- ১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
- ২। বিভাগীয় কমিশনার (সকল)

ফোন: ২২৩৩৮১১০৭

ই-মেইল: faco\_sec@cabinet.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/কোস্টগার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।